# Delhi Public School, Howrah

**P.A-1 (2024-2025)**

**Class- VIII (2nd Lang)**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject: - BENGALI**

**Time: -2 HOURS** **F.M.-40**

## Section-A: বোধ পরীক্ষণ

**1. নিচের অনুচ্ছেদ থেকে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখ।** 1×5=5

A. স্বামীর মৃত্যুর পরই প্রকাশিত হল রাশমণির ব্যক্তিত্ব। শুধু জানবাজারে নয়, সমগ্র বঙ্গে শুরু হল রাশমণির যুগ। সেই সময়ে স্বামীর পারলৌকিক কাজে খরচ করলেন ৫৫ হাজার টাকা। তারপর বিপুল সম্পত্তির দায়িত্বভার তুলে নিলেন নিজের কাঁধে। অনেকেরই সন্দেহ, তিনি কী পারবেন দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা বিপুল সম্পত্তির রক্ষণাবেক্ষণ করতে। এদিকে দুষ্ট জমিদারের অভাব নেই। তাদের লেঠেল, খুনির দল, চোর-ডাকাত, দস্যু, ইংরেজ শাসকগোষ্ঠী, অত্যাচারী ইংরেজ নীলকরেরা, সমাজের অজস্র সমস্যা, কৃষকদের শোচনীয় দারিদ্র, দুর্ভিক্ষ, মহামারী, বন্যা। বিপন্ন বাংলা, বিপন্ন বাঙালি। নারী সমাজের অবস্থা আরও শোচনীয়। পুরুষ শাসিত সমাজে তারা অর্ধমৃত। তার সাথে আছে বাল্যবিবাহ, বহুবিবাহ, সতীদাহ। রাশমণির বিচক্ষণতা, ক্ষত্র তেজ, দুর্দান্ত সাহস, কূটনৈতিক বুদ্ধি- অচিরেই ঝলসে উঠল। রাজচন্দ্র তাঁর বিশিষ্ট বন্ধু প্রিন্স দ্বারকানাথকে বিশেষ প্রয়োজনে দু'লক্ষ টাকা ধার হিসেবে দিয়েছিলেন। দ্বারকানাথ সেই ধার শোধ করতে পারেননি। দ্বারকানাথ রানীমার কাছে এসেছিলেন। নানা কথার পর বললেন, "তোমার এখন একজন ম্যানেজারের প্রয়োজন।"

i) অনেকের সন্দেহ কী ছিল?

a. রানী একা তাঁর রাজত্ব সামলাতে পারবে না।

b. রানী তাঁর স্বামীর মৃত্যু মেনে নিতে পারবে না।

c. রানী এত বিষয় সম্পত্তি একা রক্ষা করতে পারবে না।

d. রানী ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ করতে পারবে না।

ii) মন্তব্যঃ নারী সমাজের অবস্থা আরও শোচনীয়।

কারণ- ক) সমাজে তাদের অবস্থান পুরুষদের থেকে অনেক নীচে ছিল।

কারণ- খ) তাদের হাতে পর্যাপ্ত পরিমাণে টাকাপয়সা ছিল না।

কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।

a. কারণ ক ও খ দুটোই ঠিক

b. কারণ ক ও খ দুটোই ভুল

c. কারণ ক ঠিক খ ভুল

d. কারণ ক ভুল খ ঠিক

iii) দ্বারকানাথ রানীমার কাছে এসে তাঁর কিসের দরকার এখন তা মনে করায়?

a. একজন ম্যানেজারের

b. ধার দেওয়া টাকা ফেরতের

c. একজন পারিবারিক বন্ধুর

d. ইংরেজদের সাথে সমঝোতার।

iv) রাশমণির রাজত্ব যখন শুরু হয় তখন সমাজে নারীরা ছিল –

a. ক্ষমতাশালী

b. অসহায় বিপন্ন

c. বিদুষী

d. শাসক

v) 'বিচক্ষণতা' শব্দের অর্থ কী?

a. বুদ্ধিমান

b. সাহসী

c. অভিজ্ঞ ও বুদ্ধিমান

d. এর কোনোটিই নয়

## Section-B: ব্যাকরণ

**2. সন্ধি বিচ্ছেদ ও যুক্ত করঃ ( যে কোনো চারটি)** **(1×4 = 4)**

a. তেজস্ক্রিয় b. অন্তঃ + পুর c. সরোজ

d. মুখঃ + থ e. অন্তর্যোগ f. দুঃ পাচ্য

**3. নীচের বাগধারাগুলির অর্থ লেখ ও বাক্যে প্রয়োগ করঃ ( যে কোনো তিনটি)** **(1×3 = 3)**

a. আকাশ কুসুম

b. কান পাতলা

c. সুখের পায়রা

d. ননীর পুতুল

e. মাছের মা

**4. নির্দেশ অনুসারে উত্তর দাও।** **(1×5 = 5)**

a. একটু সাহায্য করবেন বাবু। - বাক্যটিতে ক্রিয়ার কোন ভাব প্রকাশ পেয়েছে?

b. একটি ঐতিহাসিক বর্তমানকালের উদাহরণ দাও।

c. একটি প্রযোজক ধাতুর উদাহরণ দাও ও সেটি দিয়ে প্রযোজক ক্রিয়া তৈরি কর।

d. পড়্ + আনো = পড়ানো। এখানে 'আনো' হল – ধাতু / ক্রিয়া / প্রত্যয়।

e. ঝন্‌ঝন্ + আ = ঝনঝনা। এখানে 'ঝন্‌ঝন্' হল – ধন্যাত্মক ধাতু / ধন্যাত্মক ক্রিয়া / ধন্যাত্মক শব্দ।

## Section – C: সাহিত্য ও সহায়ক পাঠ

**5. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন তিনটি)** **(1×3)=3**

**i) ডুবে যাওয়া নৌকার ভদ্রলোক সপরিবারে কোথায় যাচ্ছিলেন?**

a. পশ্চিমদেশে

b. পূর্বদেশে

c. উত্তরবঙ্গে

d. দক্ষিণ ভারতে

**ii) 'প্রমাণ? নিশ্চয় প্রমাণ আছে।'- এখানে কোন প্রমাণের কথা বলা হয়েছে?**

a. কুমিরকে মারার প্রমাণ।

b. অত বড় কুমিরের অস্তিত্বের প্রমাণ।

c. গল্পের সত্যতার প্রমাণ।

d. কুমিরকে মেরে লাভের প্রমাণ।

**iii) মন্তব্য: কলির ধর্ম্ম বটে।**

**কারণ ক- শ্রোতাগণ কথকের গল্পকে আজগুবি বলেছে।**

**কারণ খ- কুমিরকে মেরে তার গয়না আত্মসাৎ করতে পারেনি।**

**এক্ষেত্রে,**

a. কারণ ক ও খ দুটোই ঠিক

b. কারণ ক ও খ দুটোই ভুল

c. কারণ ক ভুল ও খ ঠিক

d. কারণ ক ঠিক ও খ ভুল

**iv) কতজন লোক কথকের সাথে বঁড়শি টানতে যোগ দিয়েছিল?**

a. পঞ্চাশ জন।

b. প্রায় দেড়শ জন।

c. প্রায় পাঁচশ জন।

d. প্রায় দুশো জন।

**6. সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন তিনটি)** (1×3 = 3)

**i. গাজরের কথা উঠলে ঘনশ্যামবাবু কোন প্রসঙ্গ তোলেন?**

a. খরগোশের গাজর চাষের কাহিনী।

b. রানি এলিজাবেথের গাজরের হালুয়া খাওয়ার কাহিনী।

c. রানি এলিজাবেথের গাজরের হালুয়া বানানোর কাহিনী।

d. রানি এলিজাবেথের আমলে গাজরের হালুয়া প্রচলনের কাহিনী।

**ii. শহরের দক্ষিণদিকে যে কৃত্রিম জলাশয় আছে তাকে রসিকতা করে কী নামে অভিহিত করা হয়?**

a. পুকুর

b. সায়র

c. হ্রদ

d. সাগর

**iii) মন্তব্য: তার ওপর টেক্কা দিয়ে কারুর কিছু বলাও কঠিন।**

**কারণ ক- নিজেদের অজ্ঞতা প্রকাশ পেয়ে যাবে বলে।**

**কারণ খ- ঘনশ্যামবাবু তাদের কথাকে পাত্তাই দেবেন না বলে।**

**এক্ষেত্রে,**

a. কারণ ক ও খ দুটোই ঠিক

b. কারণ ক ও খ দুটোই ভুল

c. কারণ ক ভুল ও খ ঠিক

d. কারণ ক ঠিক ও খ ভুল

**iv. সেই ছোট্ট দৌহিত্রীটি কার ছিল?**

a. হরিসাধনবাবুর।

b. রামশরণবাবুর।

c. শিবপদবাবুর।

d. প্রেমেনবাবুর।

7. **"তবে তাহার দাঁত এত ছোট কেন?"** – দাঁত ছোট হওয়ার কারণ হিসেবে ডমরুধর কী বলেছিল? 1

8. ডমরুধরের পৌরাণিক জ্ঞান কীরকম ছিল তা গল্প অনুসারে ব্যাখ্যা কর। 3

Or,

**"তাহা দেখিয়াই আমার চক্ষুস্থির।"** -কেন এবং কোন ঘটনায় বক্তার চক্ষুস্থির হয়ে গিয়েছিল তা বর্ণনা কর।

9. **সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:** (5×1)

**"ভারতের ভারতী ভরসা।।"**

Or,

**"তুমি নাহি চাহ যারে সবে মুঢ় বলে তারে**
**ধিক ধিক তাহার জীবন"**

10. **"তার ওপর টেক্কা দিয়ে কারুর কিছু বলাও কঠিন।"** -এখানে কার কথা বলা হয়েছে? কেন তার ওপর টেক্কা দিয়ে কেউ কিছু বলতে পারে না তা গল্প অবলম্বনে বুঝিয়ে লেখ। (1+2)

Or,

ঘনশ্যামবাবুর শারীরিক গঠন ও ব্যক্তিত্বের পরিচয় দাও। 3

## Section – D: নির্মিতি

11. **নিম্নলিখিত বিষয় অনুসারে সংলাপ রচনা করো ।** 5

ক্রমাগত বৃদ্ধিমান তাপমাত্রা ও তার সুদূর প্রসারী ভয়াবহ ফলাফল নিয়ে চিন্তিত দুই বন্ধুর মধ্যে কথোপকথন।

Or,

আই.পি.এল শুধুমাত্র বিনোদন নাকি উঠতি তরুণ ক্রিকেটারদের জাতীয় দলে জায়গা করে নেওয়ার এক পথ – এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে কথোপকথন।